BGMEA

সার্কুলার নং বিজিএমইএ/কাস/২০২৬/ ২৪৮

তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণের মেয়াদ বৃদ্ধি করা প্রসঙ্গে।

সূত্রঃ চবক বিজ্ঞপ্তি নং-১৭/২০২৬, তারিখঃ ১৩/০৯/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশের মেয়াদ ১৩/০৯/২০২৬ইং তারিখে উত্তীর্ণ হয়েছে। এই প্রেক্ষিতে চবক বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক স্থগিতাদেশের মেয়াদ আগামী ৩০/১১/২০২৬ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করে সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

আপনাদের সদয় অবগতির জন্য বিজ্ঞপ্তিটি সংযুক্তি আকারে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

**মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)**
মহা-সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)।




BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ১৭/২০২৬

তারিখঃ ১৩-০৯-২০২৬ খ্রিঃ।

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর পরিচালক (ট্রাফিক), চবক এর বিজ্ঞপ্তি নং-০২/২০২৫ মূলে আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ- চবক বোর্ড সিদ্ধান্ত নং- ২০২২১; তারিখঃ৩১/০৮/২০২৬খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত চবক বোর্ড সিদ্ধান্ত মূলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

"চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ আগামী ১৩/০৯/২০২৬ইং তারিখে উত্তীর্ণ হবে বিধায় চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানীকৃত এফসিএল কন্টেইনারের উপর ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আরোপের স্থগিতাদেশ এর মেয়াদ ৩০/১১/২০২৬ইং পর্যন্ত বৃদ্ধি করা হলো।"

২। বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দর এবং ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। উক্ত মতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জারী করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

নথি নং-১৮.১৩.০০০০.০০০.০৩০.৩৬.০০০১.২৫/ 28-89

তারিখ- ১৩-০৯-২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সকল সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। পিএস টু মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- মাননীয় নৌপরিবহন মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পিএস টু সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক।
৬। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৭। টার্মিনাল ম্যানেজার, আইসিটি, পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা।
৮। টার্মিনাল ম্যানেজার, চবক।
৯। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপারেশন), চবক।
১০। সিস্টেমস্ এনালিস্ট, চবক-চবক ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।

অঃপৃঃদ্রঃ

Shaheen
for nta
13/9/2026

Scanned with CamScanner